


“কক্সবাজার ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটিতে “প্রমোটিং গভার্নমেন্ট লিগ্যাল এইড” শীর্ষক ওয়েবিনার



৩ জুন বিকাল ৩ টায় আন্তর্জাতিক সংস্থা ডেমোক্রেসি ইন্টারন্যাশনালের সহযোগিতায় ইউএসএইড এর “প্রমোটিং পিস এন্ড জাস্টিস (পি পি জে)” প্রজেক্টের আওতায় কক্সবাজার ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির আইন বিভাগের শিক্ষার্থীদের নিয়ে বিভাগের সিনিয়র লেকচারার মো. রাজিদুর রহমানের সঞ্চালনায় একটি ওয়েবিনার অনুষ্ঠিত হয়। উক্ত ওয়েবিনারে কক্সবাজার ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক ড. গোলাম কিবরিয়া ভূঁইঞা গেস্ট অব অনার হিসেবে উপস্থিত ছিলেন।

তিনি বক্তব্যে লিগ্যাল এইড এর গুরুত্ব এবং শিক্ষার্থীদের সমাজের প্রতি কর্তব্যের বিষয়ে গুরুত্বারোপ করেন।

বিশেষ অতিথির বক্তব্যে কক্সবাজার ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির ডীন ও সহযোগী অধ্যাপক ড. খান সরফরাজ আলী শিক্ষার্থীদের সামাজিক দায়ের প্রতি আলোকপাত করেন। উক্ত ওয়েবিনারে স্বাগত বক্তব্য দেন আইন বিভাগের বিভাগীয় প্রধান অরুণ রতন সাহা। আইন বিভাগের প্রভাষক মো. নুরুল আমিন উক্ত ওয়েবিনারে অংশগ্রহণ করেন।

ওয়েবিনারে প্রধান আলোচক হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থার পরিচালক এবং সিনিয়র জেলা ও দায়রা জজ মো সাইফুল ইসলাম।

তিনি তার বক্তব্যে, লিগ্যাল এইড এর কর্মপরিধি নিয়ে আলোচনা করেন। উক্ত ওয়েবিনারে আরো উপস্থিত ছিলেন জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থার ডেপুটি ডিরেক্টর ও যুগ্ম জেলা ও দায়রা জজ মো হাবিবুর রহমান চৌধুরী।

তিনি তার বক্তব্যে প্র-বোনো লয়ারিং এর উপর গুরুত্বারোপ করেন। ওয়েবিনারে আরো উপস্থিত ছিলেন সুপ্রীম কোর্ট লিগ্যাল এইড কমিটির সদস্য সচিব এবং সুপ্রীম কোর্টের সহকারী এটর্নী জেনারেল এডভোকেট অবস্টি নুরুল। তিনি তার বক্তব্যে শিক্ষার্থীদেরকে মানবিক এবং নৈতিকতাবোধ সম্পন্ন মানুষ হওয়ার মাধ্যমে সমাজের অবহেলিত মানুষের আইনী সাহায্য পেতে সহযোগিতার জন্য তার প্রতি আহবান জানান।

ডেমোক্রেসি ইন্টারন্যাশনালের পক্ষ থেকে বক্তব্য রাখেন প্রমোটিং পিস এন্ড জাস্টিস প্রজেক্টের চীফ অব পার্টী জনাব চার্লস জেকোসা। তিনি লিগ্যাল এইড নিয়ে তার অভিজ্ঞতা তুলে ধরেন এবং আইনের শিক্ষার্থীদের বাংলাদেশে লিগ্যাল এইডের পথ প্রদর্শক বলে মন্তব্য করেন।

ডেমোক্রেসি ইন্টারন্যাশনালের পক্ষ থেকে উপস্থিত ছিলেন উক্ত প্রজেক্টের এডভোকেসি এবং আউটরিচ কম্পোনেন্ট লিড ওয়াহিদা বেগম এবং ডেপুটি চিফ অব পার্টী নন্দ লাল সূত্রধর। নন্দলাল উপস্থিত সকল অতিথি এবং ওয়েবিনারে অংশগ্রহণকারী সকল শিক্ষার্থীদের ধন্যবাদ জানিয়ে ওয়েবিনারের সমাপ্তি ঘোষণা করেন।